



ছাত্রলীগে আমার পছন্দের প্রার্থী আছে ॥ শেখ হাসিনা

প্রকাশিত: ১২ - মে, ২০১৮ ১২:০০ এ. এম.

জনকর্ত ডেক্স প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগে নিজের পছন্দের প্রার্থী রয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ‘আমার পছন্দের প্রার্থী আছে। তোমাদের কে আছে বল।’ শুক্রবার রাতে তার সরকারী বাসভবন গণভবনে ছাত্রলীগের আগামীর নেতৃত্বে নির্বাচন নিয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে এক বৈঠকে এ কথা বলেন প্রধানমন্ত্রী। তবে দলীয় নেতাদের উদ্দেশে তিনি বলেন, ‘তোমাদের পছন্দের কোন প্রার্থী থাকলে তোমরা নাম বল। দেখি আমার পছন্দের সঙ্গে মেলে কিনা।’ বৈঠকে উপস্থিত একাধিক কেন্দ্রীয় নেতা এসব তথ্য জানান। খবর ওয়েবসাইটের

শেখ হাসিনা প্রথমে চট্টগ্রাম বিভাগের নেতাদের দিয়ে পছন্দের প্রার্থীর নাম জানতে চান। পরে অন্য বিভাগের নেতাদের কাছেও পছন্দের প্রার্থীর নাম জানতে চান। শেখ হাসিনার প্রশ্নের উত্তর না দিয়ে দলের তরুণ সকল নেতাই সমস্তেরে বলেন, ‘আমাদের পছন্দ নাই আপা। আপনার পছন্দই আমাদের পছন্দ।’

দলীয় নেতাদের উদ্দেশে শেখ হাসিনা বলেন, ‘চিরকুটির মাধ্যমেও লিখে দিতে পার’। তিনি বলেন, ‘ছাত্রলীগের নেতা হতে মনোনয়ন সংগ্রহকারী সকলের ‘বায়োডাটা’ ও সবার পরিবারের পরিচিতি আমার হাতে আছে। এগুলো যাচাই-বাচাই করে আমি পছন্দের প্রার্থী বেছে নিয়েছি।’

এ সময় দলের এক সাংগঠনিক সম্পাদক ছাত্রলীগে নতুন নেতৃত্বে অস্তত একজন মেয়েকে শীর্ষ পদে রাখার প্রস্তাব করেন। বৈঠকে ছাত্রলীগের সাবেক দুই নেতা (কেন্দ্রীয় নেতা নয়) সংগঠনের অন্য সাবেক নেতাদের কড়া সমালোচনা করে শেখ হাসিনার সামনে। বৈঠকের পরে ছাত্রলীগের বয়সসীমা নিয়ে আলোচনা উঠে। বিস্তারিত আলোচনা শেষে শেখ হাসিনা বলেন, ‘ছাত্রলীগের জাতীয় সম্মেলনের তারিখ পর্যন্ত যার বয়স ২৮ বছর তৃষ্ণা’ ৬৪ দিন সেও নেতা হতে পারবে’।

ছাত্রলীগের উদ্বোধনী অনুষ্ঠানে শেখ হাসিনা ২৮ বছরে বয়স বেঁধে দিলে ছাত্রলীগের অনেক নেতা হতাশ হয়ে পড়েন। এরপর কেন্দ্রীয় নেতারা গণভবনে গিয়ে এর সমাধান করেন। পরে তিনি ঘোষণা দেন, সম্মেলনের তারিখ পর্যন্ত যার বয়স ২৯ বছর অতিক্রম করেনি সেই ছাত্র নেতা হওয়ার যোগ্যতা রাখবে। প্রায় আড়াই ঘণ্টার বৈঠকে এই সিদ্ধান্ত হয়। পরে শেখ হাসিনা কেন্দ্রীয় নেতাদের সবাইকে শনিবার ছাত্রলীগের সম্মেলনস্থলে যেতে নির্দেশ দেন। সেখানে যারা মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন তাদের সবার নাম ঘোষণা করতে। এরপর প্রার্থীদের নাম নিয়ে গণভবনে চলে আসার নির্দেশ দেন। সেখান থেকে ছাত্রলীগের নতুন নেতৃত্বে নির্বাচন করে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে

প্রকাশ করা হবে। ওই সময় শেখ হাসিনা বলেন, আগে ছাত্রলীগে মেধাবী ছাত্রদের নেতা বানানো হতো। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করত মেধাবীরা। ছাত্রলীগকে আবার আগের জায়গায় আসতে হবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্কাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

